ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-১৮৪৫

আগরতলা, ২১ জুলাই, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

গত ৭ই জুলাই, ২০২৫ তারিখে দৈনিক সংবাদ পত্রিকায় প্রকাশিত "সুশাসনে কারা দপ্তরে সুপারের রিপোর্টও পাত্তা পায় না" সংবাদটি কারাদপ্তরের নজরে আসে। দপ্তর থেকে স্পষ্টিকরনে জানানো হয় যে সংবাদটি উদ্দেশ্য প্রণোদিত ও ভিত্তিহীন। দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরনে আরও বলা হয়েছে কোনো কারা কর্মচারীদের অভিযোগের বিষয় হোক বা কোনো বদলির প্রস্তাব, সব কিছুই প্রযোজ্য বিধি, সরকারি নির্দেশিকা ও নীতিমালার বিচার-বিশ্লেষণ করে কার্যকর করা হয়ে থাকে। কোনো সিদ্ধান্তই স্বেচ্ছাচারীভাবে বা পক্ষপাতদৃষ্ট ভাবে গৃহীত হয় না। অতএব, উক্ত সংবাদে যে অভিযোগ তোলা হয়েছে তা ভিত্তিহীন ও উদ্দেশ্য প্রণোদিত। এই ধরনের খবর জনমানসে বিভ্রান্তি সৃষ্টি করে এবং প্রশাসনের ভাবমূর্তি ক্ষুন্ন করে।

******